

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

(প্রেস বিজ্ঞপ্তি)

১৭ জানুয়ারি ২০২২ খ্রি.

শিক্ষা প্রতিষ্ঠানে অমিক্রণ সংক্রমণ প্রতিরোধে সচেতন থাকতে হবে : মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, করোনার নতুন ধরণের ওমিক্রণ সারাদেশে যেভাবে ছড়িয়ে পড়ছে তা নিয়ন্ত্রণে সরকার যে ১১দফা বিধিনিষেধ আরোপ করেছে তা অনুসরণ করে শিক্ষা প্রতিষ্ঠান পরিচালনা করতে হবে। তিনি শিক্ষক ও অভিভাবকদের করোনা সংক্রমণ বৃদ্ধিতে শিক্ষার্থীদের স্বাস্থ্যবিধি যথাযথ প্রতিপালনের মাধ্যমে সরাসরি ও অনলাইনে ক্লাস পরিচালনার নির্দেশ দেন। আজ সোমবার সকালে টাইগারপাসস্থ অস্থায়ী নগর ভবনে তাঁর দপ্তরে চট্টগ্রাম সিটি কর্পোরেশন মিউনিসিপ্যাল স্কুল ও কলেজের পরিচালনা পর্ষদের ৪র্থ সভায় সভাপতির বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন।

এসময় উপস্থিত ছিলেন মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, গর্ভনিং বডি'র সদস্য সচিব অধ্যক্ষ শাহেদুল কবির চৌধুরী, অভিভাবক প্রতিনিধি মো. মুজিবুর রহমান, সাহেদ হোসেন, ইসরাত ফারহানা, শিক্ষক প্রতিনিধি আবদুল হক, মহরেন্দু নারায়ণ ধর।

মেয়র আরো বলেন, সারাদেশে শিক্ষার্থীদের টীকাদান কর্মসূচী খুব দ্রুতগতিতে চলছে। এই কার্যক্রমে শিক্ষার্থীদের অংশ নিতে শিক্ষক ও অভিভাবকদের ভূমিকা রাখতে হবে। আগামী ৩১জানুয়ারীর মধ্যে ১২-১৮বছর বয়সী শিক্ষার্থীদের অন্তত: একডোজ টীকা দেওয়ার সরকারের যে পরিকল্পনা আছে তা বাস্তবায়নে শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে এগিয়ে আসতে হবে। তিনি চসিক মিউনিসিপ্যাল স্কুল ও কলেজের শিক্ষকদের পাঠদানের বিষয়ে আরো মনোযোগী হতে আহ্বান জানান। সভায় বিগত সভার কার্যবিবরণী অনুমোদন করে হয়। এছাড়া স্কুল ও কলেজের শিক্ষকদের এমপিও ভুক্তিকরণ, ছাত্রদের আসন সংখ্যা বৃদ্ধিকরণ, ভূমিসংক্রান্ত জটিলতা নিরসন নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩